ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, Bangladesh, PHONE : 9345942, 9337843

Govt. Reg. No.-2960

**CORPORATE OFFICE**
3/C, New Baily Road
Ramna, Dhaka
PHONE: 9345942, 9337843
PABX-8312757, 8317328,
FAX : 880-2-8314698,
E-mail : dcaa.2009@gmail.com,
Website : www.cnfdhaka.com

**BRANCH OFFICE**

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l. Airport
Kurmitola, Dhaka-1230

**CUSTOM HOUSE OFFICE**
Custom House (1st Floor),
Kurmitola, Dhaka,
Tel : 8901240

**ASYCUDA WORLD CONTROL ROOM**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901242

**ASYCUDA WORLD Help Desk**
Custom House Area
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901331

**KAMALAPUR ICD OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Tel : 9336172, Fax : 8311584

**SAVAR OFFICE**
DEPZ Custom Office,
Ganakbari, Savar, Dhaka
Tel & Fax : 7789434

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Custom Office,
Narayangonj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keranigonj
Dhaka

Print. DT. 25.01.2017, Qty. 10,000 pcs

প্রচার পত্র নং-৫০/২০২২ তারিখ ঃ ২৫/০৭/২০২২ইং

**বিষয় ঃ সিএন্ডএফ টেন্ডার দাখিলের ব্যাপারে অত্র এসোসিয়েশনের নীতিমালা মেনে দর উদ্ধৃতকরণ প্রসংগে।**

**সম্মানিত সদস্যবৃন্দ,**

আস্‌সালামু আলাইকুম।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচেছ যে, অস্বচ্ছ এবং অসুস্থ প্রতিযোগিতা হতে বিরত রাখার জন্য টেন্ডার দাখিলের ব্যাপারে এসোসিয়েশন কর্তৃক কমিশন হার এবং পরিবহণ ভাড়া ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং-০৪/২০১৩ তাং ১২/০১/২০১৩ইং জারী করা হয়েছে, যা বর্তমানেও কার্যকর আছে। কিন্তু সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত উক্ত হার অমান্য করে বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের আহবানকৃত টেন্ডারে অংশগ্রহণ পূর্বক কার্যাদেশ গ্রহণ করে কার্যক্রম পরিচালনা করছেন। ফলে অপরাপর সিএন্ডএফ এজেন্টদের মধ্যে বিরূপ পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। প্রেক্ষিতে, এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের স্বার্থ হুমকির সম্মুখীন, যা কোন ভাবেই মঙ্গলজনক হতে পারে না। এসোসিয়েশনের ভাবমূর্তি রক্ষা তথা সদস্যদের মধ্যে সৌহার্দ্যবোধ বজায় রাখা প্রত্যেক সম্মানিত সদস্যের নৈতিক দায়িত্ব।

সুতরাং, এসোসিয়েশনের সকল সদস্যের মধ্যে সম্প্রীতি ও ঐক্য বজায় রাখার লক্ষ্যে সম্মানিত সকল সদস্যবৃন্দকে এসোসিয়েশন কর্তৃক প্রচারিত প্রচারপত্র সমূহ মেনে টেন্ডারে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। অন্যথায় আপনার সিএন্ডএফ কার্যক্রম সম্পাদনে কোন জটিলতার সৃষ্টি হলে অত্র এসোসিয়েশন দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ২১/০৭/২০২২ইং তারিখের দরপত্র সিডিউল মোতাবেক ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বৎসরের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ সংক্রান্ত দরপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, দরপত্রে এমন কতকগুলি শর্ত আরোপ করা হয়েছে যা সিএন্ডএফ এজেন্টদের স্বার্থের পরিপন্থি বলে প্রতীয়মান হচ্ছে। দরপত্রের শর্ত নং ৭ (গ), ৭ (ঘ) ও ৭(চ) আংশিক সংশোধন করার জন্য বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রেক্ষিতে, এসোসিয়েশনের পত্রের ভাষ্যমতে বিধি বর্হিভূত উক্ত ধারা সমূহ সংশোধন না করা পর্যন্ত সম্মানিত সদস্যবৃন্দকে বর্ণিত টেন্ডারে অংশগ্রহণ করা থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

**আলোচ্য অনুরোধ উপেক্ষা করে কোন সিএন্ডএফ এজেন্ট উক্ত দরপত্রে অংশগ্রহণ করলে তার বিরুদ্ধে গঠনতন্ত্র মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

(মোঃ খায়রুল বাশার)
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১৩-০৩৩৯৯৯

# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, Bangladesh, PHONE : 9345942, 9337843

Govt. Reg. No.-2960

**CORPORATE OFFICE**
3/C, New Baily Road
Ramna, Dhaka
PHONE: 9345942, 9337843
PABX-8312757, 8317328,
FAX : 880-2-8314698,
E-mail : dcaa.2009@gmail.com,
Website : www.cnfdhaka.com

**BRANCH OFFICE**

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l. Airport
Kurmitola, Dhaka-1230

**CUSTOM HOUSE OFFICE**
Custom House (1st Floor),
Kurmitola, Dhaka,
Tel : 8901240

**ASYCUDA WORLD CONTROL ROOM**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901242

**ASYCUDA WORLD Help Desk**
Custom House Area
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901331

**KAMALAPUR ICD OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Tel : 9336172, Fax : 8311584

**SAVAR OFFICE**
DEPZ Custom Office,
Ganakbari, Savar, Dhaka
Tel & Fax : 7789434

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Custom Office,
Narayangonj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keranigonj
Dhaka


Print, DT. 25.01.2017, Qty. 10,000 pcs

সূত্র ঃ টেন্ডার/২৯/১৯(৪৫৫)/২০২২/৩০১ তারিখ ঃ ২৫/০৭/২০২২ইং

**পরিচালক,**
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর,
আবহাওয়া ভবন,
ই-২৪, আগারগাঁও, ঢাকা।

বিষয় ঃ **বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বৎসরের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত দরপত্রে এসোসিয়েশনের নীতিমালা বাস্তবায়ন করণ এবং দরপত্রে উল্লেখিত কতিপয় শর্ত আংশিক সংশোধন করণ প্রসংগে।**

মহোদয়,

বর্ণিত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সদস্যদের বৃহত্তর স্বার্থে আমদানী এবং রপ্তানীর ক্ষেত্রে এসোসিয়েশনের নূন্যতম কমিশন হার সংক্রান্ত প্রচারপত্র নং-০৪/২০১৩ তাং ১২/০১/২০১৩ইং যা বর্তমানে কার্যকর রয়েছে (কপি সংযুক্ত)। **উক্ত হার জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত এবং ঐ হার অনুযায়ী আয়কর ও ভ্যাট সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ কর্তৃক উৎসে অগ্রীম করসমূহ কর্তন করা হয়ে থাকে।** বর্তমান এ হার সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কার্যকর আছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ২১/০৭/২০২২ইং তারিখের দরপত্র সিডিউল মোতাবেক ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বৎসরের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ সংক্রান্ত দরপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, দরপত্রে এমন কতকগুলি শর্ত আরোপ করা হয়েছে যা সিএন্ডএফ এজেন্টদের স্বার্থের পরিপন্থি বলে প্রতীয়মান হচ্ছে। দরপত্রে বর্ণিত শর্তাবলী সংশোধনের প্রস্তাবনা নিম্মে দেয়া হলো ঃ

| ক্রঃনং | টেন্ডারে বর্ণিত শর্ত | সংশোধনের প্রস্তাব |
|---|---|---|
| ৭(গ) | কমপক্ষে ৫টি সরকারী/ আধা সরকারী/সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট থেকে সিএন্ডএফ এবং পরিবহণ ঠিকাদারী কাজের প্রশংসা পত্র। | সরকারী/ আধা সরকারী/সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট থেকে সিএন্ডএফ এবং পরিবহণ ঠিকাদারী কাজের প্রশংসা পত্র। |
| ৭(ঘ) | ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট হিসাবে ১৫ বছরের মোট অভিজ্ঞতাসহ বৈজ্ঞানিক যন্ত্রপাতি/মালামাল খালাসের কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট হিসাবে ০৫ বছরের মোট অভিজ্ঞতাসহ সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানের মালামাল খালাসের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭(চ) | মালিক/ম্যানেজিং ডাইরেক্টর-এর নাম ও ঠিকানা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মচারীদের সংখ্যা উল্লেখ করতে হবে এবং কমপক্ষে ০৩ (তিন) জন কাস্টম সরকারের লাইসেন্স এর সত্যায়িত কপি দাখিল করতে হবে' | মালিক/ম্যানেজিং ডাইরেক্টর-এর নাম ও ঠিকানা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মচারীদের সংখ্যা উল্লেখ করতে হবে এবং কমপক্ষে ০২ (দুই) জন কাস্টম সরকারের লাইসেন্স এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। |

প্রেক্ষিতে, বর্ণিত শর্ত সমূহের কারণে বিপুল সংখ্যক সিএন্ডএফ এজেন্টের সেবা প্রদানের উৎকর্ষতা ও দীর্ঘদিন বিপুল পরিমান পণ্য খালাসের অভিজ্ঞতা থাকা সত্ত্বেও শুধুমাত্র বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর অথবা উহার আওতাভূক্ত কাজ না করার কারণে উল্লেখিত টেন্ডারে Non Responsive হবে। ফলশ্রুতিতে অনেক অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠান ইচ্ছা থাকা সত্ত্বেও আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখিত শর্ত সমূহ সরকার কর্তৃক গৃহীত PPR-2006 সংশোধনীর পরিপন্থি। কোন বিশেষ মহলকে একক সুবিধা প্রদানের লক্ষ্যে উল্লেখিত শর্ত সমূহ সংযোজন করা হয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে।

মহোদয়ের নিকট আবেদন এই যে, এসোসিয়েশনের কমিশন হার ও পরিবহণ ভাড়া সংক্রান্ত নির্ধারিত হার কার্যকরকরণ এবং বর্ণিত দরপত্রে উল্লেখিত শর্ত সমূহ বর্ণিত মতে আংশিক সংশোধন করে অভিজ্ঞতা সম্পন্ন অধিক সংখ্যক সিএন্ডএফ এজেন্টকে দরপত্রে অংশগ্রহণের সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার সদয় হস্তক্ষেপ একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

**(মোঃ খায়রুল বাশার)**
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১৩-০৩৩৯৯৯